

(“শিক্ষার্থীদের Softloan” প্রদান প্রসঙ্গে)

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর নীতিমালা ২০২০ এর আলোকে করোনা মহামারীর (কোভিড-১৯) কারণে উদ্ভূত পরিস্থিতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে Online শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের সুদবিহীন ঋণের আওতায় Android Device/Smartphone ক্রয়ের জন্য ঋণ প্রদানের নিমিত্তে নিম্নে উল্লেখিত শর্তাধীনে বিভাগ/ইনস্টিটিউট এর মাধ্যমে আবেদনকৃত শিক্ষার্থীদেরকে ২০/০৬/২০২১ তারিখ এর মধ্যে তথ্য সরবরাহের জন্য অনুরোধ করা যাচ্ছে।

- ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত অস্বচ্ছল শিক্ষার্থী যাদের নাম “শিক্ষার্থীদের Softloan” তালিকায় অন্তর্ভুক্ত আছে কেবলমাত্র তারাই আবেদন করতে পারবেন।
- ঋণের সর্বোচ্চ সিলিং ৮,০০০/- (আট হাজার) টাকা, যাহা সুদমুক্ত। উক্ত টাকা সংশ্লিষ্ট শিক্ষার্থীর ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করা হবে।
- শিক্ষার্থীদের সোনালী ব্যাংক লিঃ/ জনতা ব্যাংক লিঃ/ অগ্রণী ব্যাংকসহ বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংকের যেকোন শাখায় নিজ নামে ব্যাংক একাউন্ট থাকতে হবে। তবে যাদের ব্যাংক একাউন্ট নেই তারা বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক একাউন্ট খুলতে পারবেন। উল্লেখ্য যে, সোনালী ব্যাংক লিঃ এর হিসাব খোলার জন্য একটি Sonali eSheba অ্যাপস রয়েছে যার মাধ্যমে শিক্ষার্থীরা খুব সহজেই কোন রকম চার্জ ব্যতীত হিসাব খুলতে পারবেন এবং ঋণের অর্থ উত্তোলন করতে পারবেন।
- ২০/০৬/২০২১ ইং তারিখের মধ্যে “শিক্ষার্থীদের Softloan” তালিকায় নিবন্ধিত শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.du.ac.bd](http://www.du.ac.bd) এর অন্তর্ভুক্ত Du Forms এর অন্তর্স্থ “শিক্ষার্থীদের Softloan” নামক আবেদন ফরম ডাউনলোড করে পূরণের পর স্ব স্ব বিভাগ/ ইনস্টিটিউট এর চেয়ারম্যান/পরিচালকের নিকট প্রেরণ করতে হবে। আবেদন ফরম প্রেরণের বিষয়ে নিজ নিজ বিভাগ/ইনস্টিটিউট এ যোগাযোগ করার জন্য শিক্ষার্থীদের অনুরোধ করা যাচ্ছে।
- সংশ্লিষ্ট শিক্ষার্থীকে Android Device/Smartphone ক্রয়ের ভাউচারটি বিভাগ/ইনস্টিটিউট এ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। বিভাগ কর্তৃক ভাউচারগুলি একত্রীকরণ করে “Softloan অনুমোদন কমিটি”র সদস্য-সচিব উপ-হিসাব পরিচালক(লোন) কক্ষ নং ১২৩/ক, প্রশাসনিক ভবন এ জমা দিতে হবে।
- ঋণের অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালীন সময়ে এককালীন অথবা সর্বোচ্চ ৪টি সমান কিস্তিতে হিসাবের শিরোনাম “শিক্ষার্থীদের Softloan” হিসাব নং ৪৪০৫৭০২০০১১৪৯ সোনালী ব্যাংক লিঃ, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় পরিশোধ করতে হবে। (জমার রশিদ কক্ষ নং ১২৩/ক, উপ-হিসাব পরিচালক(লোন) প্রশাসনিক ভবন এ জমা দিতে হবে।
- ঋণের সম্পূর্ণ অর্থ ফেরৎ না দেওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষার্থীর নামে কোন ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদ ইস্যু করা হবে না।

হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত)

ঢাকা বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ১৩/০৬/২০২১ ইং

নং ২০১৩/১৪ হি:প: (লোন)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোলিখিতদের নিকট অনুলিপি প্রেরিত করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- সকল অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়। (ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)
- সকল হলের প্রাধ্যক্ষ/প্রাধ্যক্ষা, ঢাকা বিশ্ববিদ্যালয়। (অবহিত করার জন্য)
- পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়। (ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)
- সকল বিভাগীয় প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়। (ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)
- সকল অফিস প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- উপ-রেজিস্ট্রার, উপাচার্যের দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্যের দপ্তর (প্রশাসন), ঢাকা বিশ্ববিদ্যালয়।
- উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্যের দপ্তর (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয়।
- প্রিন্সিপ্যাল স্টোর অফিসার, কোষাধ্যক্ষের দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- পরিচালক, জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়। (ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)।

১১। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাঃ বিঃ। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)।

১২। সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১৩। প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১৪। নোটিশ বোর্ড, প্রশাসনিক ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১৫। অফিস কপি।

উপ-হিসাব পরিচালক(লোন)

ঢাকা বিশ্ববিদ্যালয়।

২৬০ AA - 242 (57 Riaz) + 300 (AA 270)